**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 09**

# PHILOSOPHY

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the Question Booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet Number is identical with OMR Sheet Number; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D) . You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D) , where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll Number) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (cover page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (Booklet) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice type questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

| | |
|---|---|
| **The Question Booklet is encrypted with QR code for security purpose.** | প্রশ্নপত্র পুস্তিকাটি নিরাপত্তার কারণে QR কোড দ্বারা এনক্রিপ্ট করা আছে। |

## PHILOSOPHY

**1.** According to John Locke which one of the following is correct?

(A) Primary qualities are derived from sensations and reflections

(B) Primary qualities are the source of our time consciousness

(C) Primary qualities are unchangeable and indistinguishable from material objects

(D) Primary qualities are contingent features of material objects

**1.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি জন লকের মতে যথার্থ?

(A) মুখ্যগুণগুলি সংবেদন ও অন্তর্দর্শন থেকে নিঃসৃত

(B) মুখ্যগুণগুলি আমাদের কাল সংক্রান্ত চেতনার উৎস

(C) মুখ্যগুণগুলি জড়বস্তু থেকে অপরিবর্তনীয় এবং অবিভাজ্য

(D) মুখ্যগুণগুলি জড়বস্তুগুলির আপতিক ধর্ম

**2.** Identify the philosopher from the following who talked of an intelligent principle (mind or *nous*) which is more powerful than matter to explain the initial motion:

(A) Heraclitus

(B) Thales

(C) Anaxagoras

(D) Ionians

**2.** নিম্নলিখিত দার্শনিকদের মধ্যে সেই দার্শনিককে চিহ্নিত করুন যিনি একটি বুদ্ধিমান নীতি (মন বা nous.) স্বীকার করেন, যেটি প্রাথমিক গতি ব্যাখ্যা করার ক্ষেত্রে বেশি শক্তিসম্পন্ন ঃ

(A) হেরাক্লিটাস

(B) থেলিস

(C) অ্যানাক্সাগোরাস

(D) আয়োনিয়ান

**3.** "There is no objective truth. What we hold is only subjective opinion."

This is the view of

(A) Socrates

(B) The Sophists

(C) Plato

(D) Aristotle

**3.** "কোনো বিষয়গত সত্য নেই। আমরা যা বিশ্বাস করি তা কেবল বিষয়ীগত মত।"— এই মতের প্রবক্তা

(A) সক্রেটিস

(B) সফিস্ট

(C) প্লেটো

(D) অ্যারিস্টট্‌ল

**4.** Anaximenes holds that air is the essence of things. Which of the following alternatives is *not* true about the nature of air, according to him?

(A) Air is animate and pervades throughout space

(B) It is one and infinite

(C) It is essential for the sustenance of life

(D) It is indeterminate

**4.** Anaximenes মনে করেন যে বায়ু হল বস্তুর সার। নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি তাঁর মতে বায়ুর স্বরূপ বিষয়ে সত্য *নয়*?

(A) বায়ু হল সজীব এবং সমস্ত স্থান জুড়ে ব্যাপ্ত

(B) এটি এক এবং অনন্ত

(C) এটি জীবন সংরক্ষণের জন্য আবশ্যিক

(D) এটি অনির্ধারিত

**5.** For Hume, Knowledge of the self is impossible, because

(1) There is no way of knowing a permanent self-substance.

(2) The idea of substance— whether material or mental— is meaningless.

(3) We cannot experience a simple and continued substance called self.

(A) Only (2) is true

(B) Only (2) and (3) are true

(C) Only (1) and (2) are true

(D) All the above statements are true

**5.** হিউমের মতে আত্মা বিষয়ক জ্ঞান অসম্ভব, কারণ—

(1) স্থায়ী আত্মা-দ্রব্যকে জানবার কোনো উপায় নেই।

(2) জড় কিংবা মানস— যে কোনো প্রকার দ্রব্যের ধারণা হল অর্থহীন।

(3) আত্মা নামক কোনো সরল এবং ধারাবাহিক দ্রব্য আমরা প্রত্যক্ষ করি না।

(A) কেবলমাত্র (2) হল সত্য

(B) কেবলমাত্র (2) এবং (3) হল সত্য

(C) কেবলমাত্র (1) এবং (2) হল সত্য

(D) উপরের সব বাক্যগুলি-ই সত্য

**6.** Who/What can destroy monads according to Leibniz?

(A) Miracle

(B) God

(C) Another monad

(D) Force

**6.** লাইবনিজ-এর মতে মনাডকে কে/কী ধ্বংস করতে পারে?

(A) দৈব চমৎকারিত্ব

(B) ঈশ্বর

(C) অন্য কোনো মনাড

(D) শক্তি

**7.** Which among the following is *not* true for Berkeley?

(A) Berkeley admits external objects independent from mind

(B) Berkeley avoided solipcism in his philosophy by introducing God

(C) Things exist through God's perception of them

(D) Existence of things absolutely depends on perception

**7.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি বার্কলের জন্য সত্য *নয়?*

(A) বার্কলে মনোনিরপেক্ষ বাহ্য বস্তুর অস্তিত্ব স্বীকার করেছেন

(B) বার্কলে ঈশ্বর স্বীকারের মাধ্যমে তাঁর দর্শনকে অহংসর্বস্ববাদ থেকে মুক্ত করেছেন

(C) ঈশ্বরের প্রত্যক্ষের বিষয়রূপে বস্তু অস্তিত্ববান্‌

(D) বস্তুর অস্তিত্ব প্রত্যক্ষীকৃত হওয়ার ওপর সম্পূর্ণভাবে নির্ভরশীল

**8.** Consider the *Assertion* (*A*) and *Reason* (*R*) and select the correct answer from the codes given below:

*Assertion* (*A*) : Aristotle reduces the distinction between Form and Matter into potentiality and actuality.

*Reason* (*R*) : Matter is potentially everything but actually nothing. Whatever makes it an actual thing — this or that is its Form.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

(B) Both (*A*) and (*R*) are true, but (*R*) is not the correct explanation of (*A*)

(C) (*A*) is false but (*R*) is true

(D) (*A*) is true but (*R*) is false

**8.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংকেতগুলির মধ্যে সঠিক উত্তরটি নির্ণয় করুন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ এ্যারিস্টটল আকার এবং উপাদানের পার্থক্যটিকে সম্ভাব্যতা এবং বাস্তবতায় পর্যবসিত করেন।

*যুক্তিবাক্য* (*R*) ঃ উপাদান হল সবকিছুর সম্ভাব্য রূপ, কিন্তু বাস্তবে কোনোটিই নয়। যা তাকে প্রকৃত বস্তু করে তোলে — এই বা ঐ, তা হল আকার।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) এবং (*R*) উভয়ই সত্য কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) মিথ্যা কিন্তু (*R*) সত্য

(D) (*A*) সত্য কিন্তু (*R*) মিথ্যা

**9.** There is no real evil. Evil is mere absence of good. Which of the following philosophers held this view?

(A) St. Augustine

(B) St. Anselm

(C) Socrates

(D) St. Thomas Aquinas

**9.** কোনো প্রকৃত অমঙ্গল নেই। অমঙ্গল হল মঙ্গলের অভাব। নীচের কোন দার্শনিক এই মত পোষণ করেন?

(A) সেন্ট অগাস্টাইন

(B) সেন্ট অ্যান্‌সেল্‌ম্

(C) সক্রেটিস

(D) সেন্ট থমাস অ্যাকুইনাস

**10.** A virtuous soul is a well organised soul in which a right alliance exists between reason, desire and feeling. Which of the following philosophers held this view?

(A) Anaximenies

(B) Aristotle

(C) Parmenides

(D) Heraclitus

**10.** একটি সদ্‌গুণান্বিত আত্মা হল এমন একটি সুসংহত আত্মা যার মধ্যে যুক্তি, ইচ্ছা এবং অনুভূতির মধ্যে সুসামঞ্জস্য রয়েছে। কোন দার্শনিক এরূপ ধারণা পোষণ করেন?

(A) অ্যানাক্সিমেনিস

(B) অ্যারিস্টট্‌ল

(C) পারমেনাইড্‌স্

(D) হেরাক্লিটাস

**11.** Read the following statements and choose the correct answer from them:

(1) Socrates was interested in finding out the correct method of obtaining knowledge.

(2) For Socrates, to know the truth we must stop believing in prevailing opinions.

(3) For Socrates, we need to have reasons for holding a view.

(4) For Socrates, truth cannot be known by any amount of effort.

*Codes :*

(A) Only (4) is true

(B) Only (3) is true

(C) Only (1) is true

(D) Only (1), (2) and (3) are true

**11.** নীচের বাক্যগুলি পাঠ করে এদের মধ্যে থেকে সঠিক উত্তর নির্বাচন করুন—

(1) সক্রেটিস জ্ঞান অর্জনের সঠিক পদ্ধতি অনুসন্ধানে আগ্রহী ছিলেন।

(2) সক্রেটিসের মতে সত্যকে জানতে হলে আমাদের প্রচলিত মতের প্রতি বিশ্বাস বন্ধ করতে হবে।

(3) সক্রেটিসের মতে কোনো অভিমত পোষণ করতে হলে যথেষ্ট যুক্তি থাকতে হবে।

(4) সক্রেটিসের মতে কোনো প্রকার প্রচেষ্টার দ্বারাই সত্যকে জানা যায় না।

*সংকেত :*

(A) কেবলমাত্র (4) সত্য

(B) কেবলমাত্র (3) সত্য

(C) কেবলমাত্র (1) সত্য

(D) কেবলমাত্র (1), (2) এবং (3) সত্য

**12.** The view that 'Punishment is a negative reward' is held by

(A) Kant

(B) Aristotle

(C) Hegel

(D) Plato

**12.** 'শাস্তি হল একটি নেতিবাচক পুরস্কার'— এই মতটির প্রবক্তা হলেন

(A) কান্ট

(B) অ্যারিস্টট্‌ল

(C) হেগেল

(D) প্লেটো

**13.** According to which of the following views, value-judgements are essentially imperative?

(A) Intuitionism

(B) Prescriptivism

(C) Descriptivism

(D) Emotivism

**13.** নিম্নোক্ত মতবাদগুলির মধ্যে কোনটি অনুসারে মূল্যবোধক অবধারণগুলি আবশ্যিকভাবে অনুজ্ঞাসূচক?

(A) স্বজ্ঞাবাদ

(B) নির্দেশমূলক মতবাদ

(C) বর্ণনামূলক মতবাদ

(D) আবেগবাদ

**14.** Which among the following is a criticism against the deterrent theory of punishment?

(A) Criminal may escape

(B) Against public opinion

(C) Violates human dignity

(D) Violates racial equality

**14.** নিম্নলিখিত বিবৃতিগুলির মধ্যে কোনটি শাস্তি সংক্রান্ত প্রতিরোধাত্মক তত্ত্বের বিরুদ্ধে সমালোচনামূলক?

(A) অপরাধী পালিয়ে যেতে পারে

(B) জনমতামতের বিরুদ্ধে যায়

(C) মানব মর্যাদা লঙ্ঘন করে

(D) জাতিগত সমতা লঙ্ঘন করে

**15.** What can be considered the central theme of eudaimonia for humans, according to Aristotle?

(A) Doing good for others

(B) Engaging oneself fully in intellectual reflections

(C) Developing physical fortitude

(D) Being non-selfish

**15.** অ্যারিস্টটলের মত অনুসারে মানুষের জন্য ইয়ুডেমনিয়ার মূল বিষয় কী হতে পারে?

(A) অন্যের মঙ্গলসাধন করা

(B) বৌদ্ধিক প্রতিফলনে নিজেকে সম্পূর্ণভাবে নিযুক্ত করা

(C) শারীরিক শক্তির বিকাশসাধন করা

(D) নিঃস্বার্থপর হওয়া

**16.** In Kant's terminology, a maxim is

(A) a principle following which one acts

(B) a command of God

(C) a moral duty

(D) an action that brings about more good than any other action

**16.** কান্টের ভাষায়, নৈতিক নিয়ম হল

(A) একটি নীতি, যা অনুসরণে ব্যক্তি কর্ম সম্পাদন করে

(B) ঈশ্বরের আদেশ

(C) একটি নৈতিক কর্তব্য

(D) এমন একটি কর্ম যা অন্য কর্মের তুলনায় অধিক মঙ্গল উৎপন্ন করে

**17.** Which of the following is *not* true for *Ṛta*?

(A) *Ṛta* is an important religious concept occurring in the *Ṛgveda*

(B) *Ṛta* is the principle of natural order regulating the universe and everything within it

(C) *Ṛta* is the opposite of truth

(D) *Ṛta* originally arose in the Indo-Aryan period

**17.** নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি 'ঋত' সম্পর্কে সত্য *নয়*?

(A) ঋত হল একটি গুরুত্বপূর্ণ ধারণা যা ঋগ্বেদে উল্লিখিত

(B) ঋত হল একটি প্রাকৃতিক শৃঙ্খলার তত্ত্ব, যা সমস্ত বিশ্ব এবং তার অন্তঃস্থিত সব কিছুকে নিয়ন্ত্রণ করে

(C) ঋত সত্যের বিরোধী

(D) ইন্দো-আর্য যুগে 'ঋত'-এর প্রথম উদ্ভব

**18.** Which of the following is relative to one's caste and stage of life?

(A) Sādhāraṇa dharma

(B) Svadharma and Sādhāraṇa dharma

(C) Svadharma

(D) Lokadharma

**18.** নিম্নোক্ত কোনটি ব্যক্তির বর্ণ এবং জীবনের বিভিন্ন পর্যায়ের সাথে সম্পর্কযুক্ত?

(A) সাধারণ ধর্ম

(B) স্বধর্ম এবং সাধারণ ধর্ম

(C) স্বধর্ম

(D) লোকধর্ম

**19.** The concept of *Upāya-Kauśala* emerged in the following text:

(A) *Saddharma-pundarīka- sūtra*

(B) *Lankāvatārasūtra*

(C) *Pramāṇsamuccaya*

(D) *Nyāyabindu*

**19.** 'উপায়-কৌশলে'র ধারণাটি নিম্নলিখিত গ্রন্থে উত্থিত হয়েছে—

(A) সদ্ধর্মপুণ্ডরীকসূত্র

(B) লঙ্কাবতারসূত্র

(C) প্রমাণসমুচ্চয়

(D) ন্যায়বিন্দু

**20.** In Jainism three jewels consist of

(A) *samyag darśana, samyag jñāna, samyag cāritra*

(B) *samyag darśana, samyag prajñā, samyag samādhi*

(C) *samyag prajñā, samyag cāritra, samyag sravaṇa*

(D) *samyag darśana, samyag prajñā, samyag śīla*

**20.** জৈনদর্শনে ত্রিরত্ন বলতে বোঝায়

(A) সম্যগ্ দর্শন, সম্যগ্ জ্ঞান, সম্যগ্ চারিত্র

(B) সম্যগ্ দর্শন, সম্যগ্ প্রজ্ঞা, সম্যগ্ সমাধি

(C) সম্যগ্ প্রজ্ঞা, সম্যগ্ চারিত্র, সম্যগ্ শ্রবণ

(D) সম্যগ্ দর্শন, সম্যগ্ প্রজ্ঞা, সম্যগ্ শীল

**21.** Which among the following expressions stands to mean *Lokasaṁgraha*?

(A) To perform actions for the benefit of liberated Souls

(B) To perform actions for the attainment of Liberation

(C) To perform actions for the benefit of humanity

(D) To perform actions for gaining material properties

**21.** 'লোকসংগ্রহ' বোঝানোর জন্য নিম্নলিখিত কোন্ বক্তব্যটি ব্যবহৃত হয়?

(A) মুক্ত আত্মার প্রয়োজনে কর্ম সম্পাদন করা

(B) মুক্তিলাভের জন্য কর্মসম্পাদন করা

(C) মানবজাতির কল্যাণের জন্য কর্মসম্পাদন করা

(D) পার্থিব সম্পদ লাভের বাসনায় কর্ম সম্পাদন করা

**22.** What is *not* true for Applied Philosophy?

(A) It applies philosophical tools to practical concerns

(B) It deals with gender issues

(C) It examines the essence of morality

(D) It deals with moral dilemmas arising out of environmental issues

**22.** ফলিত দর্শন সম্পর্কে কোনটি সত্য *নয়*?

(A) এটি ব্যবহারিক বিষয়ে দার্শনিক পদ্ধতি প্রয়োগ করে

(B) এটি লিঙ্গ সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করে

(C) এটি নৈতিকতার নির্যাসকে পরীক্ষা করে

(D) এটি পরিবেশকেন্দ্রিক যে বিষয়গুলিতে নৈতিক দ্বন্দ্বের উদ্ভব হয়, সেগুলি নিয়ে আলোচনা করে

**23.** Which of the following is *not* a moral issues thrown up by Information Technology?

(A) Rapid propagation of rumours

(B) Sticking to undesirable moral values

(C) Inappropriate exposure before children

(D) Issue of fake identities

**23.** নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টি তথ্য প্রযুক্তির দ্বারা নিক্ষিপ্ত নৈতিকতা সংক্রান্ত *নয়*?

(A) গুজবের দ্রুত প্রচার

(B) অবাঞ্ছিত নৈতিকমূল্যের সাথে সম্পৃক্ততা

(C) শিশুদের সামনে অনুপযোগী প্রদর্শন

(D) জাল পরিচয় সংক্রান্ত বিষয়

**24.** What is *not* true for Genome Sequencing?

(A) It reveals the complete genetic constitution of a being

(B) It can be used for good and bad objectives

(C) It is value-loaded

(D) It has great medical potential

**24.** জিনোম্ সিকোয়েন্সিং বিষয়ে কোন্‌টি সত্য *নয়?*

(A) এটি একটি সত্তার সম্পূর্ণ জেনেটিক গঠন প্রকাশ করে

(B) এটি ভালো এবং মন্দ উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে

(C) এটি মূল্যবোধসম্পন্ন

(D) এর মধ্যে চিকিৎসা-সংক্রান্ত বিরাট সম্ভাবনা আছে

**25.** Match *List-I* and *List-II* and select the correct answer from the codes given below:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Holmes Rolston III | (i) Ecology of Wisdom |
| (b) Paul W. Taylor | (ii) A sand county almanaco : And Sketches Here and There |
| (c) Aldo Leopold | (iii) A New Environmental Ethics : The Next Millennium for Life on Earth |
| (d) Arne Naess | (iv) Respect for Nature |

*Codes :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (i) | (ii) | (iv) |
| (B) | (i) | (ii) | (iv) | (iii) |
| (C) | (iii) | (iv) | (ii) | (i) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**25.** *তালিকা-I* এবং *তালিকা-II*-এর জোড় মেলান এবং নিম্নে প্রদত্ত সংকেত ব্যবহার করে সঠিক জোড় নির্ণয় করুন ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) হোম্‌স্ রলস্টোন III | (i) ইকোলজি অফ উইশডম্ |
| (b) পল্ ডবলিউ. টেলর | (ii) এ স্যান্ড কাউন্টি অ্যালমানাক ঃ অ্যান্ড স্কেচেস হিয়ার অ্যান্ড দেয়ার |
| (c) আল্দো লিওপোল্ড | (iii) এ নিউ এনভায়রনমেন্টাল এথিক্স ঃ দ্য নেক্সট মিলেনিয়াম ফর লাইফ অন আর্থ |
| (d) আর্ন নেস | (iv) রেসপেক্ট ফর নেচার |

*সংকেত :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (i) | (ii) | (iv) |
| (B) | (i) | (ii) | (iv) | (iii) |
| (C) | (iii) | (iv) | (ii) | (i) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**26.** Consider the following *Assertion* (*A*) and *Reason* (*R*) and select the correct answer from the codes given below:

*Assertion* (*A*) : We should extend our ethical consideration to ecological whole.

*Reason* (*R*) : A thing is right when it tends to preserve the integrity, stability and beauty of the biotic community. It is wrong when it tends to otherwise.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

(B) Both (*A*) and (*R*) are true but (*R*) is not the correct explanation of (*A*)

(C) (*A*) is false and (*R*) is false and (*R*) is not the correct explanation of (*A*)

(D) (*A*) is false and (*R*) is true, and (*R*) is the correct explanation of (*A*)

**26.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংকেতগুলির মধ্যে সঠিক উত্তরটি চিহ্নিত করুন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ আমাদের নৈতিক বিবেচনাকে পরিবেশগত সমগ্রের দিকে প্রসারিত করা উচিত।

*যুক্তিবাক্য* (*R*) ঃ কোনো বিষয় তখনই ন্যায়সঙ্গত বা যথার্থ হয় যখন তা জৈব সম্প্রদায়ের অখণ্ডতা, স্থিতিশীলতা এবং সৌন্দর্য সংরক্ষণে প্রবণ হয়। এর অন্যথা হলে তা অযথার্থ বা অন্যায় হবে।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) দুটিই সত্য এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) এবং (*R*) দুটিই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) মিথ্যা এবং (*R*) মিথ্যা। (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(D) (*A*) মিথ্যা এবং (*R*) সত্য, (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

**27.** Which of the following would *not* be considered a breach of contract in a surrogacy situation?

(A) Voluntary abortion of the fetus without consent

(B) Pre-term miscarriage due to multiple fetuses

(C) Failure to follow dietary guidelines outlined for gestational diabetes

(D) Failure to abort the fetus following the recommendation of the physician

**27.** নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোনটি বিকল্প মাতৃত্ব বিষয়ক প্রসঙ্গে চুক্তিভঙ্গ রূপে পরিগণিত হবে *না*?

(A) সম্মতি ব্যতিরেকে ভ্রূণের ঐচ্ছিক গর্ভপাত

(B) একাধিক ভ্রূণগত কারণে প্রাক্-মেয়াদি গর্ভপাত

(C) গর্ভকালীন ডায়াবেটিসের জন্য নির্ধারিত খাদ্যতালিকাগত নির্দেশিকা পালনে ব্যর্থ হওয়া

(D) চিকিৎসকের নির্দেশ বা পরামর্শ অনুসারে ভ্রূণের গর্ভপাত সম্পাদনে ব্যর্থ হওয়া

**28.** What is *true* for Philosophical Counseling?

(A) It aims to remove metaphysical confusions

(B) It is just another name of Psychiatric consultation

(C) It is a core component of Philosophy

(D) It seeks to resolve conceptual confusions regarding one's existential nature and experiences

**28.** দার্শনিক পরামর্শদানের বিষয়ে *সত্য* বিবৃতিটি কী?

(A) এটির লক্ষ্য আধিবিদ্যক বিভ্রান্তি পরিহার করা

(B) এটি মনস্তাত্বিক পরামর্শদানের নামান্তর মাত্র

(C) এটি দর্শনের একটি মূল উপাদান

(D) এটি ব্যক্তির অস্তিত্বগত প্রকৃতি ও অভিজ্ঞতা বিষয়ে ধারণাগত বিভ্রান্তির সমাধান করতে চায়

**29.** Who was the officiating priest of *Ṛgveda?*

(A) *Udgātā*

(B) *Hotā*

(C) *Adhvaryu*

(D) *Brāhman*

**29.** ঋগ্‌বেদের পুরোহিত কে ছিলেন?

(A) উদ্‌গাতা

(B) হোতা

(C) অধ্বর্যু

(D) ব্রাহ্মণ

**30.** *Rāmānuja* theory of causation is known as

(A) *Asat kāryavāda*

(B) *Vivartavāda*

(C) *Prakṛtipariṇāmavāda*

(D) *Brahmapariṇāmavāda*

**30.** কার্যকারণ তত্ত্ব সম্পর্কে রামানুজের মতবাদ হল

(A) অসৎকার্যবাদ

(B) বিবর্তবাদ

(C) প্রকৃতিপরিণামবাদ

(D) ব্রহ্মপরিণামবাদ

**31.** Find out the correct answer from the following:

According to Ayer the task of Philosophy is

(A) to discover the eternal truths of human life

(B) to analyse the language of science and common sense for the purpose of clarification and meaning

(C) to put philosophy as the part of folklore

(D) to inspire people to lead an ethically authentic life

**31.** নিম্নলিখিতগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে বের করুন ঃ

Ayer-এর মতে দর্শনের কাজ হল

(A) মানবজীবনের চরম সত্য আবিষ্কার করা

(B) স্পষ্টতা এবং অর্থবোধের জন্য বিজ্ঞান এবং সাধারণ বোধের ভাষার বিশ্লেষণ করা

(C) লোককাহিনীর অংশরূপে দর্শনকে প্রতিষ্ঠা করা

(D) নীতিনিষ্ঠ আদর্শ জীবনযাপনের জন্য মানুষকে উৎসাহিত করা

**32.** According to W.V.O. Quine the verification theory of meaning is untenable on the ground

(A) it is no longer important

(B) it tries to verify each statement in isolation

(C) it treats only analytic sentences as meaningful

(D) it offers solution to synonymous sentences

**32.** ডব্লিউ. ভি. ও. কোয়াইনের মত অনুসারে অর্থের যাচাইযোগ্যতা তত্ত্বটি এই কারণে অগ্রহণযোগ্য যে

(A) এটি এখন আর গুরুত্বপূর্ণ নয়

(B) এটি প্রতিটি বাক্যকে স্বতন্ত্রভাবে যাচাই করার চেষ্টা করে

(C) এটি কেবলমাত্র বিশ্লেষক বাক্যগুলিকে অর্থপূর্ণরূপে গ্রহণ করে

(D) এটি সমার্থক বাক্যগুলির সমাধান প্রদান করে

**33.** Match *List-I* with *List-II* and select the correct answer from the codes given below:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Russel | (i) Logical Atomism |
| (b) Wittgenstein | (ii) Family Resemblance |
| (c) Ryle | (iii) Ghost in the Machine |
| (d) Popper | (iv) Falsifibility |

*Codes :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (i) | (iv) | (ii) | (iii) |
| (D) | (iv) | (iii) | (ii) | (i) |

**33.** *তালিকা-I* এবং *তালিকা-II*-এর জোড় মেলান এবং নিম্নে প্রদত্ত সংকেত ব্যবহার করে সঠিক জোড় নির্ণয় করুন ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) রাসেল | (i) যৌক্তিক পরমাণুবাদ |
| (b) হিট্‌গেন্‌স্টাইন | (ii) পারিবারিক সাদৃশ্য |
| (c) রাইল | (iii) যন্ত্রের মধ্যে অশরীরী |
| (d) পপার | (iv) মিথ্যাচারযোগ্যতা |

*সংকেত :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (i) | (iv) | (ii) | (iii) |
| (D) | (iv) | (iii) | (ii) | (i) |

**34.** To which of the following *Nayavāda* is related?

(A) error

(B) judgement

(C) matter

(D) knowledge

**34.** নিম্নোক্ত কোন্‌টির সাথে ‘নয়বাদ’ সম্পর্কযুক্ত ?

(A) ভ্রম

(B) অবধারণ

(C) জড়দ্রব্য

(D) জ্ঞান

**35.** Richard Rorty's antirepresentationalism rejects correspondence theory of truth because

(A) truth is a matter of coherence with other sentences

(B) truth is a spiritual realization

(C) truth as correspondence produces a gap between the language and the world that leads to the failure of perfect fit between sentences and state of affairs

(D) truth is the result of empirical verification

**35.** রিচার্ড রর্‌টির প্রতিনিধিত্ব বিরোধী মতবাদ সত্যতা বিষয়ক অনুরূপতাবাদ খণ্ডন করে; কারণ

(A) সত্যতা অন্যান্য বাক্যসমূহের সঙ্গে সঙ্গতির বিষয়

(B) সত্যতা একটি আধ্যাত্মিক অনুভব

(C) অনুরূপতারূপী সত্যতা ভাষা এবং জগতের মধ্যে একটি ব্যবধান সৃষ্টি করে যা বাক্য ও বস্তুস্থিতির মধ্যে পূর্ণ সমন্বয়কে ব্যর্থ করে

(D) সত্যতা ব্যাবহারিক যাচাইকরণের পরিণতি

**36.** 'Arsenic is poisionous'— this statement, according to A. J. Ayer, is

(A) Strongly verifiable

(B) Completely meaningless

(C) Weakly verifiable

(D) Not verifiable at all

**36.** 'আর্সেনিক বিষাক্ত'— এ. জে. এয়ার-এর মতে, এই বাক্যটি হল

(A) দৃঢ়ভাবে যাচাইযোগ্য

(B) সম্পূর্ণভাবে অর্থহীন

(C) দুর্বলভাবে যাচাইযোগ্য

(D) একেবারেই যাচাইযোগ্য নয়

**37.** According to Isaiah Berlin which of the following concepts of liberty is the distinctive mark of modern liberalism?

(A) Positive liberty

(B) Negative liberty

(C) Both positive and negative liberty

(D) Liberty from patriarchal oppression

**37.** স্বাধীনতার ধারণা বিষয়ক নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি Isaiah Berlin-এর মতে আধুনিক উদারনীতিবাদের বিশেষ বৈশিষ্ট্য হিসাবে গৃহীত হতে পারে?

(A) সদর্থক স্বাধীনতা

(B) নঞর্থক স্বাধীনতা

(C) সদর্থক এবং নঞর্থক স্বাধীনতা উভয়ই

(D) পিতৃতান্ত্রিক নিপীড়ন থেকে মুক্তি

**38.** Consider the *Assertion* (*A*) and *Reason* (*R*) and select the correct answer from the codes given below:

*Assertion* (*A*) : The proposition "The present king of France is bald" is meaningful.

*Reason* (*R*) : The proposition "The present king of France is bald" is a truth-functional compound.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

(B) Both (*A*) and (*R*) are true but (*R*) is not the correct explanation of (*A*)

(C) (*A*) is true, (*R*) is false

(D) (*A*) is false but (*R*) is true

**38.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংকেতগুলির মধ্যে সঠিক উত্তরটি নির্ণয় করুন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ ‘‘ফ্রান্সের বর্তমান রাজা টাক-যুক্ত’’ বচনটি অর্থপূর্ণ।

*যুক্তিবাক্য* (*R*) ঃ ‘‘ফ্রান্সের বর্তমান রাজা টাক-যুক্ত’’ বচনটি একটি সত্যাপেক্ষ যৌগিক বচন।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) এবং (*R*) উভয়ই সত্য কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) সত্য কিন্তু (*R*) মিথ্যা

(D) (*A*) মিথ্যা কিন্তু (*R*) সত্য

**39.** Consider the *Assertion* (*A*) and *Reason* (*R*) and select the correct answer from the codes given below:

*Assertion* (*A*) : Later Wittgenstein holds that the meaning of a word is its use in language.

*Reason* (*R*) : The use of a word explains the meaning of an expression guided by conventions.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

(B) Both (*A*) and (*R*) are true but (*R*) is not the correct explanation of (*A*)

(C) (*A*) is true, (*R*) is false

(D) (*A*) is false, (*R*) is true

**39.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংকেতগুলির মধ্যে সঠিক উত্তরটি নির্ণয় করুন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ উত্তরপর্বের হ্বিট্‌গেন্‌স্টাইন মনে করেন— ‘‘কোনো শব্দের অর্থ হল ভাষায় তার প্রয়োগ’’।

*যুক্তিবাক্য* (*R*) ঃ শব্দের প্রয়োগ প্রচলিত প্রথা অনুসারে শব্দের অর্থকে তুলে ধরে।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) এবং (*R*) উভয়ই সত্য কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) সত্য এবং (*R*) মিথ্যা

(D) (*A*) মিথ্যা এবং (*R*) সত্য

**40.** Consider the *Assertion* (*A*) and *Reason* (*R*) and select the correct answer from the codes given below:

*Assertion* (*A*) : Gilbert Ryle holds that the Cartesian theory of mind is based on a logical mistake known as the Category Mistake.

*Reason* (*R*) : The facts of mental life belong to one logical type or category when they actually belong to another.

*Codes*:

(A) (*A*) is true, (*R*) is false

(B) (*A*) is false but (*R*) is true

(C) Both (*A*) and (*R*) are true but (*R*) is not the correct explanation of (*A*)

(D) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

**40.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংকেতগুলির মধ্যে সঠিক উত্তরটি নির্ণয় করুন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ গিলবার্ট রাইলের মতে মনসংক্রান্ত কার্টেসীয় তত্ত্ব 'প্রকারগত বিভ্রম' নামক একটি যৌক্তিক বিভ্রমের উপর প্রতিষ্ঠিত।

*যুক্তিবাক্য* (*R*) ঃ মানসিক জগতের বিষয়গুলি একটি যৌক্তিক প্রকারের অন্তর্ভুক্ত, যখন বাস্তবে তারা অন্য প্রকারের অন্তর্গত।

*সংকেত* ঃ

(A) (*A*) সত্য, (*R*) মিথ্যা

(B) (*A*) মিথ্যা, (*R*) সত্য

(C) (*A*) এবং (*R*) উভয়ই সত্য কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(D) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

**41.** Which philosophical system among the following holds that liberated souls devoid of consciousness?

(A) The Jaina

(B) The Nyāya

(C) The Sāmkhya

(D) The Advaita Vedānta

**41.** নিম্নলিখিত দার্শনিক সম্প্রদায়গুলির মধ্যে কোন্‌টি মনে করে যে মুক্ত আত্মা চেতনাহীন?

(A) জৈন

(B) ন্যায়

(C) সাংখ্য

(D) অদ্বৈতবেদান্ত

**42.** Sartre gave his notion of 'bad faith' in his *Being and Nothingness*. Which one of the following is *not* true of this notion?

(A) In such a state (bad faith) we believe bad things about others

(B) Bad faith is our natural capacity to deceive ourselves

(C) In such a state we tend to believe we are not who we actually are

(D) It leads us to act in an inauthentic manner

**42.** সার্ত্র তাঁর *Being and Nothingness* গ্রন্থে মিথ্যা বিশ্বাসের ধারণা উপস্থাপনা করেছেন। এই ধারণা বিষয়ে নিম্নলিখিত বচনগুলির মধ্যে কোনটি সত্য *নয়*?

(A) এই মিথ্যা বিশ্বাসের অবস্থায় আমরা অপরের সম্বন্ধে খারাপ কথা বিশ্বাস করি

(B) মিথ্যা বিশ্বাস হল নিজেদের প্রতারিত করার স্বাভাবিক বৃত্তি

(C) এই অবস্থায় আমরা বাস্তবে যা তা আমরা নই, এটি বিশ্বাস করার প্রবণতা হয়

(D) এটি অপ্রামাণিক উপায়ে আমাদের কাজ করতে প্রবৃত্ত করে

**43.** Who holds that even *pratyakṣa* is *not* a valid source of knowledge?

(A) Nāgārjuna

(B) Diṅnāga

(C) Jayarāśi Bhaṭṭa

(D) Goutama Buddha

**43.** কে মনে করেন যে এমনকি প্রত্যক্ষও জ্ঞানের বৈধ উৎস *নয়*?

(A) নাগার্জুন

(B) দিঙ্‌নাগ

(C) জয়রাশি ভট্ট

(D) গৌতম বুদ্ধ

**44.** Find out the correct answer:

What according to John Rawls is the basic principle of justice?

(A) Everyone must have food and shelter

(B) Everyone must be accountable to law

(C) The state must introduce elaborate taxation system to protect the well-being of the poor

(D) The principles of liberty and equality must be honoured in the society

**44.** সঠিক উত্তরটি খুঁজে বের করুন ঃ

জন রলসের মতে ন্যায়বিচারের মৌল নীতিটি কী?

(A) প্রত্যেকের খাদ্য ও বাসস্থান অবশ্যই থাকবে

(B) আইনের কাছে প্রত্যেকে দায়বদ্ধ থাকবে

(C) দরিদ্রদের স্বার্থরক্ষার জন্যে রাষ্ট্র বিস্তারিতভাবে কর ব্যবস্থার প্রবর্তন করবে

(D) সমাজে অবশ্যই স্বাধীনতা এবং সমতার নীতির প্রতি যথোপযুক্ত সম্মান প্রদর্শিত হবে

**45.** Identify the philosopher who is a famous logical positivist

(A) W.V.O. Quine

(B) Rudolf Carnap

(C) David Lewis

(D) Emmanuel Levinax

**45.** কোন দার্শনিক যৌক্তিক প্রত্যক্ষবাদী, তা নির্দেশ করুন


(A) W.V.O. Quine


(B) Rudolf Carnap


(C) David Lewis


(D) Emmanuel Levinax

**46.** Which of the following is the corrct representation of the statement— "Only graduates are eligible to sit for this SET examination"?


(A) 



(B) 



(C) 



(D) 


**46.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টিকে "কেবলমাত্র স্নাতকরাই SET পরীক্ষায় বসার জন্য উপযুক্ত"—এই বাক্যের শুদ্ধ চিত্রায়ণ বলা যায়?

(A) 


(B) 


(C) 


(D) 


**47.** Which of the following is the correct symbolization of the sentence—"Everything made of iron is attracted by all magnets, when I$x$ : $x$ is made of iron, M$x$ : $x$ is a magnet, A$xy$ : $x$ attracts $y$"?

(A) : $(x)\ [\mathrm{I}x \supset (y)\ (\mathrm{M}y \supset \mathrm{A}yx)]$

(B) : $(y)\ [\mathrm{M}x \supset (x)\ (\mathrm{I}y \supset \mathrm{A}xy)]$

(C) : $(y)\ [\mathrm{I}x \supset (\exists y)\ (\mathrm{M}y \cdot \mathrm{A}yx)]$

(D) : $(\exists y)\ [\mathrm{M}y \cdot (x)\ (\mathrm{I}x \supset \mathrm{A}yx)]$

**47.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি 'যা কিছু লৌহনির্মিত তা চুম্বক দ্বারা আকৃষ্ট হয়'—'Everything made of iron is attracted by all magnets.'—এই বাক্যটির সঠিক প্রতীকীকরণ, যেখানে I$x$ বলতে বোঝায় $x$ is made of iron, M$x$ বলতে বোঝায় $x$ is a magnet, এবং A$xy$ বলতে বোঝায় $x$ attracts $y$?

(A) : $(x)\ [\mathrm{I}x \supset (y)\ (\mathrm{M}y \supset \mathrm{A}yx)]$

(B) : $(y)\ [\mathrm{M}x \supset (x)\ (\mathrm{I}y \supset \mathrm{A}xy)]$

(C) : $(y)\ [\mathrm{I}x \supset (\exists y)\ (\mathrm{M}y \cdot \mathrm{A}yx)]$

(D) : $(\exists y)\ [\mathrm{M}y \cdot (x)\ (\mathrm{I}x \supset \mathrm{A}yx)]$

**48.** If A, B are known to be true, X and Y are known to be false, but the values of P and Q are not known, what can be said about the truth-value of the statement?

$[(A \cdot X) \vee P] \supset Y$

(A) True
(B) False
(C) Unknown
(D) Neither true nor false

**48.** যদি A, B সত্য হয়, X এবং Y এই দুটি মিথ্যা বলে জানা থাকে, এবং P ও Q-এর সত্যমূল্য জানা না থাকে, তাহলে প্রদত্ত এই বচনটির সত্যমূল্য কী হবে?

$[(A \cdot X) \vee P] \supset Y$

(A) সত্য
(B) মিথ্যা
(C) অজ্ঞাত
(D) সত্যও নয়, মিথ্যাও নয়

**49.** Which of the following statement forms is *not* a tautology?

(A) $\{[(p \supset q) \cdot (r \supset s)] \cdot (p \vee r)\} \supset (q \vee s)$
(B) $\{[(p \supset q) \cdot (r \supset s)] \cdot (q \vee s)\} \supset (p \vee r)$
(C) $p \supset [\sim p \supset (q \vee \sim q)]$
(D) $\sim [(p \cdot q) \cdot (p \supset \sim q)]$

**49.** নিম্নলিখিত বচনাকারগুলির মধ্যে কোনটি স্বতঃসত্য *নয়?*

(A) $\{[(p \supset q) \cdot (r \supset s)] \cdot (p \vee r)\} \supset (q \vee s)$
(B) $\{[(p \supset q) \cdot (r \supset s)] \cdot (q \vee s)\} \supset (p \vee r)$
(C) $p \supset [\sim p \supset (q \vee \sim q)]$
(D) $\sim [(p \cdot q) \cdot (p \supset \sim q)]$

**50.** To prove the validity of the following argument which rules of inference are to be applied?

$T \supset U$

$T \supset V / \therefore T \supset (U \cdot V)$

(A) Conjunction, Distribution, Implication, Simplification
(B) Conjunction, Implication, Distribution, Implication
(C) Distribution, Implication, Conjunction, Hypothetical Syllogism
(D) Hypothetical Syllogism, Transportation, Double Negation, Conjunction

**50.** নিম্নলিখিত যুক্তিটির বৈধতা প্রমাণ করার জন্য অনুমানের কোন্ কোন্ নিয়ম প্রয়োগ করতে হবে?

$T \supset U$

$T \supset V / \therefore T \supset (U \cdot V)$

(A) Conjunction, Distribution, Implication, Simplification
(B) Conjunction, Implication, Distribution, Implication
(C) Distribution, Implication, Conjunction, Hypothetical Syllogism
(D) Hypothetical Syllogism, Transportation, Double Negation, Conjunction

**51.** In which of the following *Samādhi*, *Citta* is identified with some subtle objects?

(A) *Savicāra*
(B) *Savitarka*
(C) *Sānanda*
(D) *Sāsmita*

**51.** নিম্নোক্ত কোন্ সমাধিতে চিত্ত কিছু সূক্ষ্ম বিষয়ের সাথে তাদাত্ম্যপ্রাপ্ত হয়?

(A) সবিচার
(B) সবিতর্ক
(C) সানন্দ
(D) সাস্মিত

**52.** The debate between Pramāṇa-vyavasthā and Pramāṇa-samplava is carried between

(A) *Nyāya and Jaina*
(B) *Vedanta and Sāṁkhya*
(C) *Vaisesika and Yoga*
(D) *Nyāya and Bauddha*

**52.** প্রমাণ-ব্যবস্থা এবং প্রমাণ-সংপ্লব বিষয়ে যাঁদের মধ্যে বির্তক, তাঁরা হলেন

(A) ন্যায় এবং জৈন
(B) বেদান্ত এবং সাংখ্য
(C) বৈশেষিক এবং যোগ
(D) ন্যায় এবং বৌদ্ধ

**53.** "In a state of nature it is right for every man to seize another man's right and also to counter appropriation of his own. It is a state of perpetual war of all against all."

Which of the following philosophers held the above view?

(A) Rousseau
(B) Karl Marx
(C) John Locke
(D) Hobbes

**53.** "অপরের অধিকার হরণ করা এবং তার নিজের বরাদ্দের বিরোধিতা করা হল প্রকৃতির রাজ্যে ন্যায়। এটি হল সকলের বিরুদ্ধে সকলের পারস্পরিক সংঘাতের অবস্থা।"

উপরিউক্ত মতটি নিম্নলিখিত দার্শনিকদের মধ্যে কে পোষণ করেন?

(A) রুশো
(B) কার্ল মার্ক্স
(C) জন লক
(D) হব্‌স্

**54.** Which of the following does Spinoza *not* say about substance?

(A) Substances cannot be known unless the causes of substance are known.
(B) Substances are known by their essential attributes.
(C) Mind and body are substances.
(D) Substances necessarily exist.

**54.** দ্রব্য সম্পর্কে নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি স্পিনোজা বলেন *নি*?

(A) দ্রব্যের কারণগুলি না জানা পর্যন্ত দ্রব্যকে জানা যায় না।
(B) দ্রব্যের আবশ্যিক গুণাবলির দ্বারা দ্রব্যকে জানা যায়।
(C) মন এবং দেহ হল দ্রব্য।
(D) দ্রব্য অনিবার্যভাবে অস্তিত্বশীল।

**55.** Which of the following statements is *not true* about Plato's theory of Soul?

(A) Plato believes in the immortality of soul
(B) Human soul is part of pure Reason
(C) Soul's union with the body is an impediment to its intellectual aspirations
(D) The notion of soul is an illusion

**55.** নীচের কোন্ বাক্যটি প্লেটোর আত্মা-তত্ত্ব সম্বন্ধে সত্য *নয়*?

(A) প্লেটো আত্মার অমরত্বে বিশ্বাস করেন
(B) মানবাত্মা শুদ্ধ প্রজ্ঞার অংশ
(C) দেহের সঙ্গে আত্মার সংযুক্তিকরণ আত্মার বৌদ্ধিক উচ্চাশার পক্ষে প্রতিবন্ধক
(D) আত্মা বিষয়ক ধারণা একটি ভ্রান্তি

**56.** Which of the following is *not* John Locke's view?

(A) The two sources of our ideas are sensation and reflection

(B) Once mind receives simple ideas, it uses its power to make complex ideas

(C) Objects can produce certain ideas in us which are qualities

(D) No qualities belong to object

**56.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি জন লকের মত নয়?

(A) আমাদের ধারণার দুটি উৎস— সংবেদন এবং অন্তর্দর্শন

(B) যখন মন সরল ধারণা লাভ করে, তখন তা নিজের ক্ষমতা ব্যবহার করে জটিল ধারণা উৎপন্ন করে

(C) বস্তু আমাদের মধ্যে কিছু ধারণা উৎপাদন করে যেগুলি গুণ

(D) বস্তুতে কোনো গুণ থাকে না

**57.** Kant's analytic-synthetic judgements' distinction first encountered a tough challenge in the writings of which of the following philosophers?

(A) Ludwig Wittgenstein

(B) Bertrand Russell

(C) P. F. Strawson

(D) W. V. O. Quine

**57.** নিম্নলিখিত কোন দার্শনিকের লেখায় কান্টের সংশ্লেষক-বিশ্লেষক অবধারণের মধ্যেকার পার্থক্যের বিষয়টি প্রথম এক কঠিন প্রতিবাদের/সমালোচনার সম্মুখীন হয়েছিল?

(A) লুডভিগ হ্বিট্‌গেন্‌স্টাইন

(B) বার্ট্রাণ্ড রাসেল

(C) পি. এফ. স্ট্রসন

(D) ডবলিউ. ভি. ও. কোয়াইন

**58.** *Arthavādavākya* is accepted as vidhivakya since

(A) it has a positive command

(B) it is complementary to vidhi and niṣedha

(C) it is the source of dharma

(D) it refers to one kind of vedic sentence

**58.** অর্থবাদবাক্যকে বিধিবাক্য হিসাবে গণ্য করা হয়, যেহেতু

(A) এটির একপ্রকার সদর্থক নির্দেশনা রয়েছে

(B) এটি বিধি এবং নিষেধের পরিপূরক

(C) এটি ধর্মের উৎস

(D) এটি একপ্রকার বৈদিক বাক্য

**59.** Given below are two statements one labelled as *Assertion* (*A*) and the other labelled as *Reason* (*R*). Considering (*A*) and (*R*) in the light of Sāṁkhya Philosophy, select the correct code:

*Assertion* (*A*) : The Sāṁkhya theory of causation means a real transformation of the material cause into effect, it logically leads to the concept of evolution.

*Reason* (*R*) : The second type of ultimate reality admitted by the Sāṁkhya is the self.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

(B) (*A*) is false, (*R*) is true and (*R*) is not the correct explanation of (*A*)

(C) (*A*) is true, (*R*) is false

(D) Both (*A*) and (*R*) are true

**59.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)* নামে দুটি অবধারণ দেওয়া হয়েছে। এই *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নে উল্লিখিত সংকেতগুলি থেকে সঠিক উত্তরটি দিন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ সাংখ্য কার্যকারণতত্ত্ব অনুসারে কার্য তার উপাদান কারণের প্রকৃত পরিণাম, এটি যৌক্তিকভাবে পরিণাম প্রক্রিয়াকে সূচিত করে।

*যুক্তিবাক্য* (*R*) ঃ সাংখ্য দর্শনে দ্বিতীয় যে চরম তত্ত্বটি স্বীকৃত হয়েছে, তা হল পুরুষ।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) মিথ্যা, (*R*) সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) সত্য এবং (*R*) মিথ্যা

(D) (*A*) এবং (*R*) উভয়ই সত্য

**60.** Which one among the following, is the cause of the magnitude (parimāṇa) of trasarenu according to the Vaiséṣikas?

(A) Number of the paramānus

(B) Number of the dvaṇukas

(C) Number of the trasarenus

(D) Trasarenus themselves

**60.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি বৈশেষিক মতে ত্রসরেণুর পরিমাণের কারণ হয়?

(A) পরমাণুর সংখ্যা

(B) দ্ব্যণুকের সংখ্যা

(C) ত্রসরেণুর সংখ্যা

(D) ত্রসরেণুগুলি স্বয়ং

**61.** 'The content of illusory cognition is only real' — this view is advocated by

(A) *Yogācāra* School

(B) *Viśiṣṭādvaita* School

(C) *Sāṁkhya* School

(D) *Advaita Vedānta* School

**61.** 'ভ্রমজ্ঞানের বিষয় কেবলমাত্র সৎ'—এই মতের প্রবক্তা হলেন

(A) যোগাচার সম্প্রদায়

(B) বিশিষ্টাদ্বৈত সম্প্রদায়

(C) সাংখ্য সম্প্রদায়

(D) অদ্বৈত বেদান্ত সম্প্রদায়

**62.** According to the Naiyāyikas *padaśakti* is

(A) an additional padārtha.

(B) an eternal padārtha.

(C) a relation between two padārthas.

(D) a relation between a pada and a padārtha which stands for it.

**62.** ন্যায়মতানুসারে পদশক্তি হল

(A) একটি অতিরিক্ত পদার্থ।

(B) একটি নিত্য পদার্থ।

(C) দুটি পদার্থের মধ্যেকার সম্বন্ধ।

(D) একটি পদ এবং ওই পদের দ্বারা নির্দেশিত পদার্থের সম্বন্ধ।

**63.** Match the following and identify the correct one from the codes given below:

| List-I | List-II |
|---|---|
| (a) *Tattvakaumudī* | (i) Sāṃkhya |
| (b) *Tattvārthasūtra* | (ii) Jaina |
| (c) *Tattvasaṃgraha* | (iii) Bauddha |
| (d) *Tattvadīpikā* | (iv) Vaiṣṇava |

*Codes :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (i) | (iii) | (ii) | (iv) |
| (C) | (ii) | (i) | (iii) | (iv) |
| (D) | (iv) | (iii) | (ii) | (i) |

**63.** *তালিকা-I* এবং *তালিকা-II*-কে মেলান এবং নিম্নে প্রদত্ত সংকেত ব্যবহার করে সঠিক জোড় নির্ণয় করুন ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) তত্ত্বকৌমুদী | (i) সাংখ্য |
| (b) তত্ত্বার্থসূত্র | (ii) জৈন |
| (c) তত্ত্বসংগ্রহ | (iii) বৌদ্ধ |
| (d) তত্ত্বদীপিকা | (iv) বৈষ্ণব |

*সংকেত* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (i) | (iii) | (ii) | (iv) |
| (C) | (ii) | (i) | (iii) | (iv) |
| (D) | (iv) | (iii) | (ii) | (i) |

**64.** Which of the following is necessary for the knowledge derived from Upamāna Pramāṇa according to Pūrva Mīmāṁsā?

(A) the relation between a word and the object denoted by it

(B) the common features belonging to a class of objects

(C) the similarity of the perceived object to the remembered object

(D) the similarity of the remembered object to the perceived object

**64.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি পূর্বমীমাংসা মতে উপমান প্রমাণ জাত জ্ঞানের জন্য আবশ্যিক

(A) শব্দ ও তার দ্বারা নির্দেশিত বস্তুর সম্বন্ধ

(B) একটি শ্রেণির অন্তর্গত বিষয়গুলির সাধারণ ধর্ম

(C) প্রত্যক্ষলব্ধ বিষয়ের সঙ্গে স্মৃতির দ্বারা প্রাপ্ত বিষয়-এর সাদৃশ্য

(D) স্মৃতির দ্বারা প্রাপ্ত বিষয়ের সঙ্গে প্রত্যক্ষ-লব্ধ বিষয়-এর সাদৃশ্য

**65.** Which statement is true for *Pramāṇānupapatti*?

(A) *Pramāṇa* is required for realizing God

(B) *Pramāṇa* itself cannot be proved

(C) There is no *Pramāṇa* for the knowledge of *Avidyā*

(D) *Pramāṇa* is always relative to *Prameya*

**65.** প্রমাণানুপপত্তির ক্ষেত্রে কোন বাক্যটি যথার্থ?

(A) ঈশ্বর উপলব্ধির জন্য প্রমাণ আবশ্যক

(B) প্রমাণ স্বয়ং প্রমাণের দ্বারা সিদ্ধ হতে পারে না

(C) অবিদ্যাবিষয়ক জ্ঞানের কোনো প্রমাণ নেই

(D) প্রমাণ সর্বদা প্রমেয়-সাপেক্ষ

**66.** Which of the following is not included in *Ṣaṭsampatti*, in Advaita Vedanta?

(A) Śraddhā

(B) Vairāgya

(C) Uparati

(D) Samādhāna

**66.** নীচের কোনগুলি অদ্বৈত বেদান্ত মতানুসারে ষট্‌সম্পত্তির অন্তর্ভুক্ত নয়?

(A) শ্রদ্ধা

(B) বৈরাগ্য

(C) উপরতি

(D) সমাধান

**67.** According to Nyāya philosophy which of the following statements commits the fallacy of Virūddha?

(A) Sound is eternal, because it is produced

(B) Wherever there is fire, there is smoke

(C) The hill has fire because it is knowable

(D) Sound is eternal because it is audiable

**67.** ন্যায়দর্শন অনুসারে নিম্নোক্ত কোনটি বিরুদ্ধ হেত্বাভাস দোষযুক্ত?

(A) শব্দ নিত্য কারণ তা উৎপন্ন হয়

(B) যেখানে যেখানে বহ্নি সেখানে সেখানে ধূম

(C) পর্বতটি বহ্নিমান কারণ তা জ্ঞানের বিষয়

(D) শব্দ নিত্য কারণ তা শ্রবণযোগ্য

**68.** Who says "The Vedānta teaches man to have faith in themselves first"?

(A) Swami Vivekananda

(B) Radhakrishnan

(C) Rabindranath Tagore

(D) Sri Aurobindo

**68.** কে বলেন ''বেদান্ত মানুষকে সর্বপ্রথমে নিজের প্রতি বিশ্বাস স্থাপনের শিক্ষা দেয়''?

(A) স্বামী বিবেকানন্দ

(B) রাধাকৃষ্ণাণ

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) শ্রী অরবিন্দ

**69.** Who among the following did not work for the upliftment of the status of women socially, economically and politically?

(A) Jyotiba Phule

(B) B. R. Ambedkar

(C) Ishwar Chandra Vidyasagar

(D) Radhakrishnan

**69.** নিম্নে উল্লিখিত ব্যক্তিদের মধ্যে কোন ব্যক্তি সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক দিক থেকে নারীর মর্যাদার উন্নতির কাজে নিযুক্ত থাকেননি?

(A) জ্যোতিবা ফুলে

(B) বি. আর. আম্বেদকর

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(D) রাধাকৃষ্ণাণ

**70.** What does Krishna Chandra Bhattacharya mean, when he speaks of '*Swarāj in Ideas*'?

(A) One frees oneself from political dominance.

(B) One frees oneself from cultural subjection.

(C) One frees oneself from the web of superstitions.

(D) All of the above

**70.** যখন কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য '*Swarāj in Ideas*'-এর কথা বলেন, তখন তিনি কী বোঝান?

(A) নিজেকে রাজনৈতিক আধিপত্য থেকে মুক্ত করা।

(B) নিজেকে সাংস্কৃতিক বশ্যতা থেকে মুক্ত করা।

(C) নিজেকে কুসংস্কারের জাল থেকে মুক্ত করা।

(D) উপরের সবকটিই

**71.** "One Caste, One Religion, One God for Man" is the teaching of

(A) Sree Narayana Guru

(B) B. R. Ambedkar

(C) M. N. Roy

(D) Jyotiba Phule

**71.** "মানুষের জন্য একটি বর্ণ, একটি ধর্ম, একটি ঈশ্বর"— এই শিক্ষা দিয়েছেন

(A) শ্রী নারায়ণ গুরু

(B) বি. আর. আম্বেদকর

(C) এম. এন. রায়

(D) জ্যোতিবা ফুলে

**72.** According to Krishnamurti, revolution in the psyche of an individual requires

(A) holistic transformation from within the self

(B) only intellectual development of the self

(C) religious practices

(D) only cultural development of the self

**72.** কৃষ্ণমূর্তির মতে ব্যক্তির মানসিকতার মধ্যে বিপ্লবের জন্য প্রয়োজনীয় হল

(A) আত্মার অন্তরস্থিত সামগ্রিক রূপান্তর

(B) আত্মার কেবল বৌদ্ধিক অগ্রগতি

(C) ধর্মীয় অনুশীলন

(D) আত্মার কেবল সাংস্কৃতিক অগ্রগতি

**73.** What is *daṇḍanīti* in the Mahabharata?

(A) The art of Governance or the science of administration

(B) The detailed account of the organizations of Government

(C) The administration of punishment

(D) The characteristics of a king

**73.** মহাভারতে 'দণ্ডনীতি' বলতে কী বোঝায়?

(A) শাসনশৈলী অথবা প্রশাসন সংক্রান্ত বিজ্ঞান

(B) সরকারি প্রতিষ্ঠানগুলির বিস্তারিত বিবরণ

(C) শাস্তি সংক্রান্ত প্রশাসনিক ব্যবস্থা

(D) একজন রাজার বৈশিষ্ট্যাবলী

**74.** Nārada's questions to Yudhiṣṭhira reflect that

(A) the ruler should be a good human being.

(B) the ruler should have six royal qualities and should follow the eight duties before making alliance.

(C) the ruler should try to expand his territory.

(D) the ruler should have good physical health.

**74.** নারদ কর্তৃক যুধিষ্ঠির-কে কৃত প্রশ্নগুলির মধ্যে দিয়ে প্রতিফলিত হয়

(A) শাসক অবশ্যই উত্তম মানুষ হবেন।

(B) শাসকের অবশ্যই ছয়টি রাজকীয় গুণ থাকবে এবং তিনি মিত্রতাস্থাপনের পূর্বে অবশ্যই আটটি কর্তব্য অনুসরণ করবেন।

(C) শাসক অবশ্যই তার রাজ্যের সীমানাকে প্রসারিত করার চেষ্টা করবেন।

(D) শাসক অবশ্যই উত্তম শারীরিক স্বাস্থ্যের অধিকারী হবেন।

**75.** When the offsprings inherit the father's name, the family is called

(A) Patronymic

(B) Conjugal

(C) Patrilineal

(D) Patriarchal

**75.** যখন সন্তানসন্ততি উত্তরাধিকার বলে পিতার নাম অর্জন করে, সেই পরিবারকে বলা হয়

(A) পেট্রোনিমিক

(B) কন্‌জুগাল

(C) পেট্রিলিনিয়াল

(D) পেট্রিয়ার্কাল

**76.** According to Kāmandikī which is not the upāya from which an object can be realised?

(A) Sāma

(B) Dāna

(C) Svāmin

(D) Daṇḍa

**76.** কামন্দিকীর মতে নিম্নোক্ত কোন্‌টি কোনো বস্তুকে অর্জন করার উপায়রূপে গ্রাহ্য নয়?

(A) সাম

(B) দান

(C) স্বামী

(D) দণ্ড

**77.** The seven elements of statecraft, according to Kautilya

(A) *Svāmin, Amātya, Janapada, Durgamatā, Koṣā, Daṇḍa, Mitra*

(B) *Svāmin, Amātya, Janapada, Durga, Koṣā, Daṇḍa, Mitra*

(C) *Svāmin, Amātya, Ṣaḍaśajanapada, Durga, Koṣā, Mitra, Daṇḍa*

(D) *Svāmin, Amātya, Janapada, Durga, Koṣā, Daṇḍa, Śatru*

**77.** কৌটিল্যর মত অনুসারে রাষ্ট্রশাসন ব্যবস্থার সপ্তাঙ্গ তত্ত্ব হল

(A) স্বামী, অমাত্য, জনপদ, দুর্গমতা, কোষ, দণ্ড, মিত্র

(B) স্বামী, অমাত্য, জনপদ, দুর্গ, কোষ, দণ্ড, মিত্র

(C) স্বামী, অমাত্য, ষোড়শজনপদ, দুর্গ, কোষ, মিত্র, দণ্ড

(D) স্বামী, অমাত্য, জনপদ, দুর্গ, কোষ, দণ্ড, শত্রু

**78.** The figure of a Standard Form Categorical Syllogism is determined by

(A) the position of Middle Term in both the Premises

(B) the position of the Major Term and Minor Term in the Premisses

(C) the position of Middle Term in the Minor Premiss

(D) the position of Major Term in the Premiss

**78.** কোনো নিরপেক্ষ ন্যায় অনুমানের সংস্থান নির্ধারিত হয়

(A) উভয় যুক্তিবাক্যে হেতুপদের অবস্থানের দ্বারা

(B) যুক্তিবাক্যে সাধ্যপদ এবং পক্ষপদের অবস্থানের দ্বারা

(C) অপ্রধান যুক্তিবাক্যে হেতুপদের অবস্থানের দ্বারা

(D) যুক্তিবাক্যে সাধ্যপদের অবস্থানের দ্বারা

**79.** Which of the following is a branch of applied ethics that studies the philosophical, social and legal issues arising in medicine and the life sciences.

(A) Medical ethics

(B) Bio-ethics

(C) Legal ethics

(D) Social ethics

**79.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি ফলিত নীতিশাস্ত্রের একটি শাখা, যা চিকিৎসা এবং জীবনবিজ্ঞানে উদ্ভুত দার্শনিক, সামাজিক ও আইনি সমস্যাগুলি অধ্যয়ন করে।

(A) চিকিৎসা নৈতিকতা

(B) জৈব নৈতিকতা

(C) আইনি নৈতিকতা

(D) সামাজিক নৈতিকতা

**80.** Which of the following is the contrapositive of "Some authors are not intelligent":

(A) Some intelligent (persons) are authors

(B) No non-intelligent (persons) are authors

(C) Some non-intelligent (persons) are not non-authors

(D) All non-intelligent (persons) are non-authors

**80.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি 'কোনো কোনো লেখক নয় বুদ্ধিমান'-এর ব্যাবর্তন ঃ

(A) Some intelligent (persons) are authors

(B) No non-intelligent (persons) are authors

(C) Some non-intelligent (persons) are not non-authors

(D) All non-intelligent (persons) are non-authors

**81.** Match the following and identify the true one from the codes given below:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Product Theorem | (i) Probability |
| (b) Sorites | (ii) Square of Opposition |
| (c) Subalternation | (iii) Categorical Syllogism |
| (d) Existential Fallacy | (iv) Boolean Interpretaion |

*Codes :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (i) | (iii) | (ii) | (iv) |
| (C) | (ii) | (i) | (iii) | (iv) |
| (D) | (ii) | (iii) | (iv) | (i) |

**81.** *তালিকা-I* এবং *তালিকা-II*-কে মেলান এবং নিম্নে প্রদত্ত সংকেত ব্যবহার করে সঠিক জোড় নির্ণয় করুন ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) উন্মেষ তত্ত্ব | (i) সম্ভাব্যতা |
| (b) সংক্ষিপ্ত ন্যায়শৃঙ্খল | (ii) বিরোধ চতুষ্কোণ |
| (c) বিপ্রতীপ বিরোধিতা | (iii) নিরপেক্ষ ন্যায় |
| (d) সাত্তিকতার দোষ | (iv) বুলীয় ভাষ্য |

*সংকেত :*

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (i) | (iii) | (ii) | (iv) |
| (C) | (ii) | (i) | (iii) | (iv) |
| (D) | (ii) | (iii) | (iv) | (i) |

**82.** To which category of the following, does the act of *sandhyāvandanā* belong, according to the Mīmāṅsáka?

(A) *Niṣkāma karma*

(B) *Nitya karma*

(C) *Kāmya karma*

(D) *Naimittika karma*

**82.** নিম্নলিখিতগুলির মধ্যে 'সন্ধ্যাবন্দনা' রূপ কর্মটি মীমাংসা মতে কোন্ প্রকারের অন্তর্গত?

(A) নিষ্কাম কর্ম

(B) নিত্য কর্ম

(C) কাম্য কর্ম

(D) নৈমিত্তিক কর্ম

**83.** Which one of the following is not an ethical guideline?

(A) Developing respect for all life

(B) Understanding how nature suffers

(C) Considering humans as the predominant species

(D) Seeking of environmental wisdom

**83.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি নৈতিক নির্দেশিকা নয়?

(A) সমস্ত জীবনের প্রতি শ্রদ্ধার উন্মেষ

(B) প্রকৃতির যন্ত্রনাকে উপলব্ধি করা

(C) মানুষকে প্রধান প্রজাতিরূপে বিবেচনা করা

(D) পরিবেশগত প্রজ্ঞার সন্ধান করা

**84.** Which of the following holds true in the occurrence of the *Fallacy of Converse Accident*?

(A) Wrong application of a general rule to a particular case.

(B) Something is wrongly identified as a cause.

(C) Hasty generalization is done on the basis of exceptional cases.

(D) Irrelevant conclusion is drawn.

**84.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টির ক্ষেত্রে *Fallacy of Converse Accident*-এর দোষ সত্য হতে দেখা যায়?

(A) একটি বিশেষ স্থলে কোনো সার্বিক নিয়মের ভ্রান্ত প্রয়োগ

(B) কোনো কিছুকে কারণ হিসেবে ভুলবশতঃ নির্দেশ করা

(C) বিশেষ কয়েকটি স্থলের বিশেষত্ব অগ্রাহ্য করে তার ভিত্তিতে দ্রুত সামান্যীকরণ করা

(D) অপ্রাসঙ্গিক সিদ্ধান্ত নিঃসৃত করা

**85.** The indirect way of justifying a particular conclusion by exposing the absurdity of its negation is known as

(A) *Vāda*

(B) *Siddhānta*

(C) *Tarka*

(D) *Nirṇaya*

**85.** একটি বিশেষ সিদ্ধান্তের অস্বীকৃতির অযৌক্তিকতা প্রতিষ্ঠা করে ওই সিদ্ধান্তটিকে সঠিক প্রমাণ করার পরোক্ষ পদ্ধতিটি হল

(A) বাদ

(B) সিদ্ধান্ত

(C) তর্ক

(D) নির্ণয়

**86.** Plato holds that Knowledge is not the same as opinion because

(A) Knowledge can be manipulated.

(B) Knowledge is behavioural disposition.

(C) Knowledge can be true or false.

(D) Knowledge can only be true as knowledge consists of universal and objective Ideas.

**86.** প্লেটো মনে করেন যে জ্ঞান অভিমত-এর সমতুল্য নয়, কারণ

(A) জ্ঞানের রকমফের করা যেতে পারে।

(B) জ্ঞান হল আচরণগত প্রবণতা।

(C) জ্ঞান সত্য বা মিথ্যা হতে পারে।

(D) কেবলমাত্র জ্ঞান-ই সত্য হতে পারে, কারণ জ্ঞান সার্বিক ও বিষয়গত ধারণা নিয়ে গঠিত।

**87.** Which of the following statements is true according to Kant?

(A) Knowledge of noumena can be had through reflection

(B) Knowledge of noumena can be had through intellectual intuition

(C) Knowledge of noumena can be got through phenomena

(D) Knowledge of noumena is impossible to have

**87.** নিম্নোক্ত কোন্ বাক্যটি কান্টের মত অনুসারে সত্য?

(A) 'নওমেনা'র জ্ঞান প্রতিফলনের মাধ্যমে পাওয়া যেতে পারে

(B) 'নওমেনা'র জ্ঞান বৌদ্ধিক স্বজ্ঞার মাধ্যমে পাওয়া যেতে পারে

(C) 'নওমেনা'র জ্ঞান 'ফেনোমেনা'র মাধ্যমে পাওয়া যেতে পারে

(D) 'নওমেনা'র জ্ঞান লাভ করা অসম্ভব

**88.** Which of the following is an analytic statement according to Kant?

(A) Evil exists in the world

(B) Bengal is larger than England

(C) A kilogram contains thousand grams

(D) A computer is faster than calculator

**88.** নিম্নের কোনটি কান্টের মতানুসারে বিশ্লেষক বাক্য?

(A) জগতে অমঙ্গল অস্তিত্বশীল

(B) বঙ্গ ইংল্যাণ্ড থেকে বড়

(C) এক কিলোগ্রামে এক হাজার গ্রাম থাকে

(D) একটি কম্প্যুটার একটি ক্যালকুলেটরের তুলনায় দ্রুততাসম্পন্ন

**89.** Which philosopher of the following explores the notion of 'theoretic grades of consciousness'?

(A) K. C. Bhattacharya

(B) J. Krishnamurti

(C) Sri Aurobindo

(D) S. Radhakrishnan

**89.** নিম্নলিখিত দার্শনিকদের মধ্যে কে 'চেতনার তাত্ত্বিক পর্যায়সমূহ'-এর ধারণাটি ব্যাখ্যা করেছেন?

(A) কে. সি. ভট্টাচার্য্য

(B) জে. কৃষ্ণমূর্ত্তি

(C) শ্রী অরবিন্দ

(D) এস্. রাধাকৃষ্ণাণ

**90.** Which of the following statements is/are *not* true about Spinoza's notion of substance?

(1) Substance is finite.

(2) There are two substances.

(3) Substance is causa sui (self-caused).

(4) All qualities and action of substance follow from its very nature.

(A) Only (4) is not true.

(B) Only (3) and (4) are true.

(C) Only (2) is not true.

(D) Only (1) and (2) are not true.

**90.** নিম্নলিখিত কোন্‌টি বা কোন্‌গুলি স্পিনোজার দ্রব্যতত্ত্ব সম্বন্ধে সত্য নয়?

(1) দ্রব্য হল সসীম।

(2) দ্রব্য হল দুটি।

(3) দ্রব্য হল স্বয়ম্ভু।

(4) দ্রব্যের স্বরূপ থেকেই তার যাবতীয় গুণ ও ক্রিয়া নিঃসৃত হয়।

(A) কেবলমাত্র (4) সত্য নয়

(B) কেবলমাত্র (3) এবং (4) সত্য

(C) কেবলমাত্র (2) সত্য নয়

(D) কেবলমাত্র (1) এবং (2) সত্য নয়

**91.** "One is not born, but rather becomes, a woman."— This statement has been made by

(A) Germaine Greer
(B) Betty Friedan
(C) Kate Millett
(D) Simone de Beauvoir

**91.** ''একজন নারী হয়ে জন্মায় না, নারী হয়ে ওঠে''— এই কথাটি বলেছেন

(A) Germaine Greer
(B) Betty Friedan
(C) Kate Millett
(D) Simone de Beauvoir

**92.** Which of the following statements is not true with regard to Pātañjala Yoga?

(A) God is one among Puruṣa.
(B) Pātañjala Yoga admits three pramāṇas.
(C) Pātañjala Yoga advocates Monism.
(D) Pātañjala Yoga admits 'cittavṛtti nirodha' as Yoga.

**92.** পাতঞ্জল-যোগ সম্পর্কে নিম্নলিখিত বিবৃতি গুলির মধ্যে কোন্‌টি সত্য নয়?

(A) ঈশ্বর হলেন পুরুষের মধ্যে একজন।
(B) পাতঞ্জল-যোগ তিনটি প্রমাণ স্বীকার করে।
(C) পাতঞ্জল-যোগ একাত্মবাদ প্রকার করে।
(D) পাতঞ্জল-যোগ স্বীকার করে 'চিত্তবৃত্তি-নিরোধ' হল যোগ।

**93.** Choose the false statement, in the context of Mādhva Philosophy

(A) Sāyujya represents the highest level of bliss attainable by the liberated soul
(B) God creates Prakṛti
(C) Some souls are eternallly liberated
(D) God is the efficient cause of the world

**93.** মাধ্ব-দর্শনের প্রেক্ষিতে অযথার্থ বাক্যটি নির্ণয় করুন ঃ

(A) সাযুজ্য হল মুক্তজীবের দ্বারা প্রাপ্তিযোগ্য সর্বোচ্চ আনন্দ
(B) ঈশ্বর প্রকৃতিকে সৃষ্টি করেন
(C) কোনো কোনো জীব নিত্যমুক্ত
(D) ঈশ্বর জগতের নিমিত্ত কারণ

**94.** Which of the following texts was composed by Vasubandhu?

(A) *Abhidharmapitaka*
(B) *Viśuddhimāgga*
(C) *Milindapanho*
(D) *Abhidharmakoṣa*

**94.** নিম্নে লিখিত কোন্ গ্রন্থটি বসুবন্ধু রচিত?

(A) অভিধর্মপিটক
(B) বিশুদ্ধিমাগ্গ
(C) মিলিন্দপন্‌হো
(D) অভিধর্মকোষ

**95.** Consider the *Assertion* (*A*) and *Reason* (*R*) and select the correct answer from the codes given below:

*Assertion* (*A*) : The Sāṁkhya-Yoga philosophy hold that mind is all pervading.

*Reason* (*R*) : They believe that Puruṣa is 'Pure Consciousness'.

*Codes*:

(A) Both (*A*) and (*R*) are true and (*R*) is the correct explanation of (*A*)

(B) Both (*A*) and (*R*) are true and (*R*) is not the correct explanation of (*A*)

(C) (*A*) is true and (*R*) is false

(D) (*A*) is false and (*R*) is true

**95.** *প্রতিজ্ঞাবাক্য (A)* এবং *যুক্তিবাক্য (R)*-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত সংকেতগুলি থেকে সঠিক উত্তরটি দিন ঃ

*প্রতিজ্ঞাবাক্য* (*A*) ঃ সাংখ্য-যোগ দর্শন মতে মন হল সর্বব্যাপী।

*যুক্তিবাক্য* (*R*) ঃ তারা বিশ্বাস করেন যে পুরুষ হল শুদ্ধ চৈতন্য।

*সংকেত* ঃ

(A) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) এবং (*R*) উভয়ই সত্য এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) সত্য এবং (*R*) মিথ্যা

(D) (*A*) মিথ্যা এবং (*R*) সত্য

**96.** In Vedānta, Ātman associated with the waking state of Jīva is called

(A) Vaiśva

(B) Prajñā

(C) Taijasa

(D) Hiraṇyagarbha

**96.** বেদান্তে জাগ্রতকালীন জীবের সঙ্গে সম্বদ্ধ আত্মাকে বলা হয়

(A) বৈশ্ব

(B) প্রজ্ঞা

(C) তৈজস

(D) হিরণ্যগর্ভ

**97.** Which of the following journalistic standard and ethics emphasise independent fact-cheeking

(A) Style

(B) Accuracy

(C) Presentation

(D) Privacy

**97.** নিম্নলিখিত সাংবাদিকতার মান এবং নীতিগুলির মধ্যে কোন্‌টি স্বাধীনভাবে তথ্য-নিরীক্ষার ওপর গুরুত্ব আরোপ করে

(A) শৈলী

(B) যথার্থতা

(C) উপস্থাপনা

(D) গোপনীয়তা

**98.** Which of the following statement(s) is/are the stance of liberal feminists?

(1) Principal objective of the feminist movement is to gain equal rights for women as well as men.

(2) Modern societies need to be reformed.

(3) Modern societies need to be transformed through revolutionary means.

(4) Gender integration is vital to the achievement of feminist goal.

(A) Only (3) is true

(B) Only (1), (2) and (3) are true

(C) Only (1) and (2) are true

(D) Only (4) is true

**98.** নিম্নলিখিত বচনগুলির মধ্যে কোন কোনটি উদারপন্থী নারীবাদের অবস্থান?

(1) নারীবাদী আন্দোলনের মুখ্য উদ্দেশ্য হল পুরুষের সঙ্গে নারীদের সম অধিকার অর্জন।

(2) আধুনিক সমাজের শোধন প্রয়োজন।

(3) আধুনিক সমাজের পরিবর্তনের জন্য বৈপ্লবিক উপায় প্রয়োজন।

(4) নারীবাদের লক্ষ্য অর্জনের জন্য লিঙ্গ একীকরণ গুরুত্বপূর্ণ।

সংকেত ঃ

(A) কেবল (3) সত্য

(B) কেবল (1), (2) এবং (3) সত্য

(C) কেবল (1) এবং (2) সত্য

(D) কেবল (4) সত্য

**99.** Which of the following is not true about Karl Marx's philosophy?

(A) The idea of alienation was a recurring feature of Marx's Writings.

(B) He held that there is no alienation in society.

(C) The idea of alienation shows that the more value a labour creates the more he devalues himself.

(D) The idea of alienation shows that product and labour of a worker are estranged from him in a capitalist society.

**99.** নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি কার্ল মার্ক্সের দর্শন প্রসঙ্গে সত্য নয়?

(A) কার্ল মার্ক্সের রচনায় বিচ্ছিন্নতার ধারণা একটি পুনরাবৃত্ত বৈশিষ্ট্য।

(B) তিনি মনে করেন যে সমাজে কোনো বিচ্ছিন্নতা নেই।

(C) বিচ্ছিন্নতার ধারণা দেখায় যে একজন শ্রমিক যত শ্রম সৃজন করে, সে ততই নিজেকে অবমূল্যায়িত করে।

(D) বিচ্ছিন্নতার ধারণা দেখায় যে শ্রমিকের শ্রম আর উৎপাদন তাকে পুঁজিবাদী সমাজ থেকে বিচ্ছিন্ন করে।

**100.** Which of the following philosophers used the expression 'Nascent Societies'?

(A) Rousseau

(B) Locke

(C) Hobbes

(D) Karl Marx

**100.** নিম্নলিখিত দার্শনিদের মধ্যে কে 'Nascent Societies' অভিব্যক্তিটি ব্যবহার করেছেন?

(A) রুশো

(B) লক

(C) হব্‌স্‌

(D) কার্ল মার্ক্স

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**